গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-৩ অধিশাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩২.১৯.০১০.১৬-১২৯

২৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
তারিখ: ---------------------------
০৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা অন্যান্য সুবিধাদি চাকরি (বেতন ও ভাতাদি আদেশ, ২০১৫) অনুযায়ী নির্ধারণ।**

সূত্র : অর্থ বিভাগের ২৬-০১-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩-০৭ সংখ্যক প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্টায়ত্ব ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসহ প্রজাতন্ত্রের বেসামরিক পদে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন-ভাতা অন্যান্য সুবিধাদি চাকরি (বেতন ও ভাতাদি আদেশ, ২০১৫) এ নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক প্রজ্ঞাপন জারি করা হয়েছে (অনুলিপি সংযুক্ত)।

২। বিগত ০১-০৭-২০১৫ তারিখের পূর্বে চুক্তিতে নিয়োজিত কর্মচারী যাঁদের চুক্তির মেয়াদ ০১-০৬-২০১৫ তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে তাঁদের বেতন ০১-০৭-২০১৫ তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতনস্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর করপসন্ডিং স্কেলে বেতন ধার্য করে পুনরায় সরকারের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। এক্ষেত্রে অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারিগণ তাঁদের অবসর গ্রহণের পূর্বে আহরিত শেষ মূল বেতন (Last Pay) জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর করসপন্ডিং স্কেলে প্রাপ্য হবেন। তবে বিশেষ বিবেচনায় অর্থ বিভাগ কর্তৃক অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারিদের জন্য প্রদত্ত উচ্চতর স্কেল/গ্রেড এর নির্ধারিত ধাপ এর করসপন্ডিং স্কেল/গ্রেড এর নির্ধারিত ধাপে বেতন, ভাতা প্রাপ্য হবেন। এছাড়া বিশেষ যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণ অর্থ বিভাগের ইত:পূর্বে প্রদত্ত গ্রেড/স্কেলে নির্ধারিত বেতন (সর্বোচ্চ/প্রারম্ভিক ধাপ) অনুসারে নতুন বেতন স্কেলের করসপন্ডিং গ্রেড/স্কেলে নির্ধারিত বেতন (সর্বোচ্চ/প্রারম্ভিক ধাপ) অনুসারে প্রাপ্য প্রাপ্য হবেন।

৩। বর্ণিত অবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থায় বিগত ০১-০৭-২০১৫ তারিখের পূর্বে চুক্তিতে নিয়োজিত কর্মচারী যাঁদের চুক্তির মেয়াদ ০১-০৬-২০১৫ তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে তাঁদের বেতন ০১-০৭-২০১৫ তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতনস্কেলের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর করপসন্ডিং স্কেলে ধার্য করে পুনরায় চুক্তিপত্র প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ (এক) ফর্দ।

| ডাইরী নং- ৬২৫ | তারিখঃ ১১।০২।১৬ |
|---|---|
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (সচিবের দপ্তর) | |
| ❖ যুগ্ম-সচিব (প্রঃ) | ❖ উপ-সচিব |
| ❖ যুগ্ম-সচিব (যুব) | ❖ উপ-প্রধান |
| ❖ যুগ্ম-সচিব (ক্রীড়া) | ❖ একান্ত সচিব |

সচিবের স্বাক্ষর ৎ

০৭.০২.২০১৬
(সেবাষ্টিন রেমা)
উপসচিব
ফোন: ৯৫১৪৫২২
e-mail: sa3@mopa.gov.bd

প্রশাসন-১ শাখা
ডাইরী নং ৬২
তারিখঃ ১৯/০২

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

যুগ্ম সচিবের দপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
উপ-সচিব (প্রঃ)
উপ-সচিব (ক্রীড়া)
উপ-সচিব (ক্রীড়া-২)
উপ-সচিব (যুব)
উপ-সচিব (যুব-২)
উপ-প্রধান
নম্বর
তারিখ

উপ-সচিব (প্রশাসন)
ডাইরী নং ৪১৭
তারিখ ১৪-২-১৬
সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (প্রশা-১)

| |
|---|
| অতিরিক্ত সচিব |
| অতিঃ-সচিব (সংগঃও আঃ/বিধি) |
| অতিঃ-সচিব (সওবা/সিপিটি) |
| অতিঃ-সচিব (প্রশাসন/এপিডি) |
| অতিঃ-সচিব (শৃংখলা/বাংবাঃ) |
| অতিঃ-সচিব (সিআর/উন্নয়ন) |
| পি,এস |
| সিনিয়র সচিব — তারিখঃ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ

নং-০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩- ০৭

তারিখঃ ২৬ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

এস আর ও নং ৩৬৯-আইন/২০১৫ এর মাধ্যমে ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ থেকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-কার্যকর হওয়ায় সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসহ প্রজাতন্ত্রের বিভিন্ন বেসামরিক পদে জনস্বার্থে যারা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেঃ

(১) ১ জুলাই,২০১৫ খ্রি: তারিখের পূর্বে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী যাঁদের চুক্তির মেয়াদ ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ বা তারপর পর্যন্ত অব্যাহত আছে সরকারের সাথে পুনরায় চুক্তি সম্পাদন সাপেক্ষে তাঁদের বেতন ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ হতে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের উক্ত তারিখে প্রচলিত বেতন স্কেলের ভিত্তিতে নির্ধারণ করতে হবে। তাঁরা ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ থেকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১(৩)(ক) এবং ১(৩)(গ) অনুযায়ী বর্ধিত হারে বেতন এবং সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন। ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখ বা তার পরে যারা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন তাঁদের বেতন-ভাতা নির্ধারণের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(২) ১ জুলাই,২০১৫ খ্রি: তারিখ বা তার পরে যারা চুক্তিভিত্তিক পদে নিয়োজিত হবেন তাঁদের ক্ষেত্রে অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত শেষ বেতন (Last Pay) চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয় পক্ষের সম্মতিতে সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে।

(৩) নির্ধারিত বেতন ( চুক্তিভিত্তিক) হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকুরির জন্য কোন ইনক্রিমেন্ট,আনুতোষিক,বর্ধিত পেনশন প্রদেয় হবে না।

(৫) অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী ব্যতীত অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের বেতন-ভাতা ইত্যাদি সংক্রান্ত শর্তাবলী যথারীতি প্রতি ক্ষেত্রে গুনাগুণ বিবেচনা করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে স্থির করা হবে এবং তদানুযায়ী চুক্তিপত্র সম্পাদিত হবে।

(৬) এ প্রজ্ঞাপনের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে, তবে এ প্রজ্ঞাপনের সাথে সংগতিপূর্ণ পূর্বের জারীকৃত সকল স্মারক বলবত থাকবে।

(৭) বেতন-ভাতা সম্পর্কে আদেশে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক দেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক পরবর্তীকালে বিভিন্ন সময় জারীকৃত আদেশ প্রযোজ্য হবে।

(৮) এস আর ও নং ৩৬৯-আইন/২০১৫ মোতাবেক এ প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রি: তারিখে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/০১/২০১৬

(মোঃ শাহজাহান)
যুগ্মসচিব (প্রবিধি-১)
ফোনঃ ৯৫৪৫১৭৪
ই-মেইল: shahjahanmail@yahoo.com

| |
|---|
| ডাইরী নং- |
| তারিখ- |
| উপসচিব (উনি)- |
| উপসচিব (উনি-১)- |
| উপসচিব (উনি-৩)- |
| উপসচিব (উনি-৪)- |
| উপসচিব (সমন্বয়)- |
| উপসচিব (সমন্বয়-১)- |
| উপসচিব (বৈনি/নানী)- |
| যুগ্মসচিব (এপিডি)- |

ডাইরী নং ৭০
তারিখঃ ৩/০২/২০১৬
জনপ্রশাসন মন্ত্রণালয়
উনি-৩ শাখা।

Endorsement-2/235

নং-০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩- ০৭

১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ---------------------------
২৬ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশ মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা। তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। সিনিয়রসচিব/সচিব/ভারপ্রাপ্তসচিব---------------------------(সকল) মন্ত্রণালয়/বিভাগ তাঁর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.০২.০০১.১৩.২৩৬

তারিখঃ ২৯-০২-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা
৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৪। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

29.2.16.

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৩